

ব্র্যাক ইউনিভার্সিটিতে দেশের প্রথম ‘স্কুল অব ফার্মেসির’ আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। গত শনিবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে যাত্রা শুরু করেছে ‘স্কুল অব ফার্মেসি’।

‘লঞ্চিং অব স্কুল অব ফার্মেসি’ শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, “ব্র্যাক ইউনিভার্সিটির স্কুল অব ফার্মেসির এই যাত্রা ‘ফর্মুলেশন’ থেকে ‘অ্যাক্টিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট (এপিআই)’ রূপান্তরে বাংলাদেশের ওষুধশিল্পকে শিখরে নিয়ে যেতে সাহায্য করবে। সেই সঙ্গে এটি গাজীপুরে ২০০ একরের ওপর নির্মিতব্য এপিআই পার্ক তৈরির প্রচেষ্টাকেও আরো জোরদার করবে।

বিজ্ঞাপন

”

শিক্ষামন্ত্রী আরো বলেন, ‘বাংলাদেশের ওষুধশিল্প এরই মধ্যে দেশের ৯৭ শতাংশ চাহিদা পূরণ করেছে এবং ১৫৭টি দেশে আমরা আমাদের ফার্মাসিউটিক্যাল পণ্য রপ্তানি করছি, ২০২৫ সাল নাগাদ এই রপ্তানি আয় প্রায় ছয় বিলিয়ন ডলার হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।’

ব্র্যাক ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারপারসন তামারা হাসান আবেদ আশাবাদ ব্যক্ত করেন, বাংলাদেশে ফার্মেসি শিক্ষার গবেষণা এবং রোগীর যত্নবিষয়ক ধারণাকে নতুনভাবে সংজ্ঞায়িত করবে ব্র্যাক ইউনিভার্সিটির স্কুল অব ফার্মেসি। তিনি বলেন, ‘আমরা চাই, আমাদের শিক্ষার্থীরা এমন নেতৃত্বসম্পন্ন হয়ে গড়ে উঠুক, যারা সমাজে চিন্তাশীল ও টেকসই অবদান রাখবে। ব্র্যাক ইউনিভার্সিটির স্কুল অব ফার্মেসির অন্যতম লক্ষ্য হলো দৃঢ় নৈতিকতা বোধসম্পন্ন গ্র্যাজুয়েট তৈরিতে অবদান রাখা, যারা ইন্ডাস্ট্রির চাহিদা পূরণে চাকরি ক্ষেত্রে পেশাগত দক্ষতার পাশাপাশি সৃজনশীলতার প্রয়োগ ঘটাবে।’